

আবর্তন

কতো কথা ঠোঁটে থাকে, তবু কিছু হোতে থাকে
ঘটনারা ঘটে চলে, ছায়া শুধু কথা বলে
বারবার !

টিকটিক ঘড়ি হাঁটে, সময় থেকে সময়ে
নিয়মটা খুব খুশি, হয় বেনিয়মেই
বারবার !

আঘাতটা খুব হয়, যদি হয় মরমে
আয়নায় দেখে মুখ, ঢাকি মুখ সরমে
বারবার !

চারিদিকে শুধু মুখ, শত মুখ অচেনা
তবো ছবি মাটিতে, চেনা তবু অজানা
বারবার !

লোকারণে হারিয়ে, কেন খোঁজো সেই তুমি
আবার ধরা দেবো বলেই, হারাই আমি
বারবার !

#

উত্তরায়ণ দেব
জানুয়ারি, ২০০৮/শিলিগুড়ি